

যুক্তরাজ্যে উচ্চশিক্ষার দুয়ার আবার খুলছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য যুক্তরাজ্যে উচ্চশিক্ষার দ্বার আবার খুলে দেয়া হচ্ছে। এ লক্ষ্যে মার্চের প্রথম সপ্তাহে ঢাকা ও চট্টগ্রামে শুরু হচ্ছে ইউকে শিক্ষামেলা। বৃটিশ কাউন্সিল আয়োজিত এ শিক্ষামেলার যুক্তরাজ্যের ৩৭টি বিশ্ববিদ্যালয় ও কলেজ অংশ নেবে। আগামী ৪ ও ৫ মার্চ ঢাকার হোটেল শেরাটন ও ৭ মার্চ চট্টগ্রামের পেনিনসুলা হোটলে এ শিক্ষামেলা অনুষ্ঠিত হবে।

মঙ্গলবার দুপুরে হোটেল শেরাটনে এক সংবাদ সম্মেলনে বৃটিশ কাউন্সিলের পরিচালক চার্লস নাটাল এ তথ্য জানান। যুক্তরাজ্যের স্টুডেন্ট ভিসা সম্পর্কে বৃটিশ হাইকমিশনের ডিসা অ্যান্ড কনস্যুলার সার্ভিসের প্রধান স্টুয়ার্ট পারসিবালা বলেন, সম্প্রতি স্টুডেন্ট ভিসা আবেদন অনেক বেশি জমা পড়ায় বাংলাদেশে এ কার্যক্রম সাময়িক স্থগিত করা হয়। শিগগির তা প্রচারাচারের চেষ্টা চলছে। তবে কবে বাগান এ স্থগিতপ্রদেয় প্রত্যাহার করা হবে নির্দিষ্ট কোনো তারিখ তিনি জানাননি।

শিক্ষামেলা আয়োজক বৃটিশ কাউন্সিলের পারফরম্যান্স, মার্কেটিং অ্যান্ড কমিউনিকেশনের প্রধান রাইকা ওয়ালী খান বলেন, যুক্তরাজ্যে উচ্চমানের শিক্ষা প্রদান করা হয়। আর বাংলাদেশি শিক্ষার্থীদের দুয়ারে এ উচ্চমানের শিক্ষা পৌঁছে দেয়ার জন্য তারা প্রতি বছর শিক্ষামেলার

আয়োজন করেন। এর ধারাবাহিকতায় এবারের ১২তম মেলা ৪ মার্চ শুরু হচ্ছে। চার্লস নাটাল জানান, এ মেলায় যুক্তরাজ্যে পড়তে ইচ্ছুক শিক্ষার্থীরা সরাসরি ইউকের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সঙ্গে কথা বলে প্রয়োজনীয় তথ্য জানতে পারবেন। সকাল ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত মেলা চলবে। মেলায়



ঢাকা ও চট্টগ্রামে ইউকে শিক্ষামেলা মার্চের প্রথম সপ্তাহে

প্রবেশমূল্য ৫০ টাকা। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ, ফুলার রোড এবং চট্টগ্রামের ৭৭/এ পূর্ব নাসিরাবাদ ঠিকানার বৃটিশ কাউন্সিলে টিকেট বিক্রি শুরু হয়েছে। মেলায় যোগ দেয়ার জন্য অনলাইনে রেজিস্ট্রেশনের মাধ্যমে বিশেষ পুরস্কারেরও ব্যবস্থা রয়েছে। বৃটিশ কাউন্সিলের ওয়েবসাইট www.britishcouncil.org/bangladesh লগঅন করে রেজিস্ট্রেশন করা যাবে। আর রেজিস্ট্রেশন ফরমটি শিক্ষামেলার প্রবেশের সময় গেটে জমা দিয়ে পাওয়া যাবে বিশেষ পুরস্কার।

এবার শিক্ষামেলার অংশ নেয়া যুক্তরাজ্যের ৩৭টি শিক্ষা প্রতিষ্ঠানগুলো হলো- এবেরিস্টপ ইউনিভার্সিটি, এডিন্ভা রাস্কিন ইউনিভার্সিটি, বার্মিংহাম সিটি ইউনিভার্সিটি, ব্রাডফোর্ড কলেজ, ব্রুনেল ইউনিভার্সিটি, ক্যাডেনভিস কলেজ, কার্ডিফ ইউনিভার্সিটি, সিটি অফ লন্ডন কলেজ, কডেলি ইউনিভার্সিটি, ডেভিড গেম কলেজ, আইকন কলেজ অফ টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, লিডস মেট্রোপলিটন ইউনিভার্সিটি, লিডারপুল হেপ ইউনিভার্সিটি, লিয়ানড্রিলো কলেজ, লন্ডন একাডেমি অফ ম্যানেজমেন্ট সায়েন্সেস, লন্ডন মেট্রোপলিটন ইউনিভার্সিটি, লন্ডন সাউথ ব্যাংক ইউনিভার্সিটি, ম্যারিটাইম গ্রিনউইচ কলেজ, মিডলেসেক্স ইউনিভার্সিটি, কুইন মেরি ইউনিভার্সিটি অফ লন্ডন, পের্ফিক্ট হারাম ইউনিভার্সিটি, সেন্ট প্যাট্রিক্স ইন্টারন্যাশনাল কলেজ, স্টিভেনসন কলেজ এডিনবার্গ, দা ইউনিভার্সিটি অফ হাল, দা ইউনিভার্সিটি অফ নটিংহাম, ইউনিভার্সিটি অফ বেডফোর্ডশায়ার, ইউনিভার্সিটি অফ সেন্ট্রাল ল্যাংকশায়ার, ইউনিভার্সিটি অফ ডার্বি, ইউনিভার্সিটি অফ ইস্ট লন্ডন, ইউনিভার্সিটি অফ গ্রিনউইচ, ইউনিভার্সিটি অফ হের্টফোর্ডশায়ার, ইউনিভার্সিটি অফ নর্থাম্পটন, ইউনিভার্সিটি অফ ওয়েস্টমিনস্টার, ইউনিভার্সিটি অফ উলভারহাম্পটন, ইউনিভার্সিটি অফ ওরসেস্টার এবং লন্ডন স্কুল অফ কমার্স অ্যান্ড স্কুল অফ টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট।